

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 17-05-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Union Minister Rajib Ranjan Sing :

কেন্দ্রীয় মৎস্য, প্রানী সম্পদ ও ডেয়ারী শিল্প মন্ত্রী রাজীব রঞ্জন সিং দুই দিনের সফরে আজ আগরতলায় আসবেন। বামুটিয়ায় গোমতী দুৰ্ঘ সমবায় উৎপাদন ইউনিয়নের দ্বিতীয় ডেয়ারী ইউনিটের উদ্বোধনের কথা রয়েছে তাঁর। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহারও উপস্থিত থাকার কথা রয়েছে। আগামীকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক অনুষ্ঠানে কেন্দ্রীয় মৎস্য, প্রানী সম্পদ ও ডেয়ারী শিল্প মন্ত্রী রাজীব রঞ্জন সিং রাজ্যের প্রথম একুয়া পার্কের শিলান্যাস করবেন ও মৎস্য উৎসবের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও কেন্দ্রীয় মৎস্য, প্রানী সম্পদ ডেয়ারী এবং সংখ্যালঘু রাষ্ট্রমন্ত্রী জর্জ কুরিয়ানের উপস্থিত থাকার কথা রয়েছে।

* * * * *

Amit Sah :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ গাঞ্চীনগরে ৭০৮ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এর মধ্যে রয়েছে গাঞ্চীনগর পৌর কর্পোরেশন, জি.ইউ.ডি.এ গাঞ্চীনগর আরবান ডেভেলপমেন্ট অথরিটি এবং গাঞ্চীনগর জেলা প্রশাসন। আগামীকাল শ্রী শাহ আহমেদাবাদ ও মহেশানায় বিভিন্ন অনুষ্ঠানে যোগ দেবেন। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ লোকসভায় তাঁর পরিবেশ পরিকাঠামো ও জনসেবার একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের উদ্বোধন করবেন।

* * * * *

Rajnath Sing :

পাকিস্তানকে আর্থিক সাহায্য দেওয়ার বিষয়টি পুনর্বিবেচনা করার জন্য আন্তর্জাতিক অর্থ তহবিলের কাছে আবেদন জানিয়েছে ভারত। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ভুজে বিমান বাহিনীর ঘাঁটি থেকে তিনি বলেন এই আর্থিক অনুদানের একটা বড় অংশ পাকিস্তান সন্ত্রাসজনিত পরিকাঠামো গড়ে তুলতে খরচ করবে। বর্তমান সময়ে পাকিস্তানকে যেকোনও আর্থিক সহায়তা করা, সন্ত্রাসবাদে অর্থ জোগানের থেকে কোনও অংশে কম নয় বলে মন্তব্য করেন তিনি। পাশাপাশি, তিনি অপারেশন সিন্দুরে গুরুত্বপূর্ণ এবং নির্ণয়ক ভূমিকা নেওয়ার জন্য ভারতীয় বায়ুসেনার প্রশংসা করেন।

Byte-Rajnath Sing # # # # # # # #

অপারেশন সিন্দুর সন্ত্রাসবাদের বিরুদ্ধে কড়া বার্তা দিয়েছে এবং ভারতীয় সেনার শক্তি ও যুদ্ধ প্রস্তুতি গোটা বিশ্ব দেখেছে বলেও তিনি মন্তব্য করেন।

* *

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে গতকাল রাজত্বনে সৌজন্য সাক্ষাৎ করেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি অরিন্দম লোধ। রাজত্বন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

* * * * * * * * * * * * * * *

Animesh Debbarma :

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা গতকাল আমবাসা রাইপাশা এলাকায় বনদণ্ডের উদ্যোগে গড়ে ওঠা মাল্টি ইউনিট বিল্ডিং এর উদ্বোধন করেন। তিনি বলেন পরিবেশ রক্ষায় সরকার নানাবিধ প্রকল্প গ্রহণ করেছে। আগামী দিনে আরো নানা উদ্যোগ গ্রহণ করা হবে। মূলত এই বিল্ডিংটি পরিবেশ রক্ষা কমিটির কাজকর্মের জন্য প্রায় সাড়ে চার লক্ষ টাকা ব্যয়ে নির্মান করা হয়েছে।

* * * * * * * * * * * * * * *

Pre-Primary School :

জাতীয় শিক্ষানীতির সুপারিশ অনুযায়ী রাজ্যের বিদ্যালয়গুলিতে প্রাক-প্রাথমিক শিক্ষা সম্প্রসারণে রাজ্য সরকার যথাযথ গুরুত্বারোপ করে চলেছে। ২০১৮ সালের আগে যেখানে প্রাক-প্রাথমিক শিক্ষা লাভের ব্যবস্থা মাত্র ৯টি বিদ্যালয়ে চালু ছিল, সেখানে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে রাজ্য প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যা হচ্ছে ২৩৬টি। এর মধ্যে রয়েছে ৫৪টি পিএমশ্বী বিদ্যালয় এবং ১২৫টি বিদ্যাজ্যোতি স্কুল।

* * * * *

AIDSO :

বিদ্যাজ্যোতি প্রকল্প বাতিল সহ সাত দফা দাবিতে শিক্ষা দপ্তরে ডেপুটেশন দিয়েছে এআইডিএসও ট্রিপুরা রাজ্য কমিটি। তাদের দাবিগুলি হল, গ্রীষ্মকালীন ছুটির মধ্যেই বিশেষ পরিকল্পনা করে রাজ্যের সমস্ত স্কুলে পাঠ্যপুস্তক সরবরাহ করা, অবিলম্বে বিদ্যাজ্যোতি প্রকল্প বাতিল করা, প্রতিটি স্কুলে প্রয়োজনীয় সংখ্যক বিষয়-ভিত্তিক শিক্ষক নিয়োগ করা ইত্যাদি।

* * * * *

JC Cricket :

টিসিএ পরিচালিত যোগেশ চক্রবর্তী স্মৃতি ক্রিকেট প্রতিযোগিতায় এমবিবি স্টেডিয়ামে তিনদিনের খেলার দ্বিতীয় দিনে গতকাল জয়নগর ক্রিকেট ক্লাবের প্রথম ইনিংসের ১৪৮ রানের জবাবে শতদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৭৭ রান করে। ১১ রানে এগিয়ে থেকে জয়নগর দ্বিতীয় ইনিংসে ৪ উইকেট হারিয়ে ১৬৯ রান করে। এদিকে, নরসিংগড়ের পিটি মাঠে ইউনাইটেড ক্রেডস ৬ উইকেটে ৩২৭ রান থেকে খেলতে নেমে সবকটি উইকেট হারিয়ে প্রথম ইনিংসে ৩৬০ রান করে। জবাবে স্ফুলিঙ্গ ক্লাব প্রথম ইনিংসে ৪ উইকেট হারিয়ে ৩১১ রান করে। দলের পক্ষে শ্রীদাম পাল ১০২ রানে অপরাজিত রয়েছেন।

* * * * *

Weather :

আজ আকাশ আংশিক মেঘাঞ্জন্ম থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

* * * * *